দৈনিক ইত্তেফাক

-4 NOV 2017

২৭ ৫

# দেশের প্রথম ডিজিটাল আইল্যান্ড মহেশখালীতে রবি-টেন মিনিট স্কুল



ডিজিটাল আইল্যান্ড মহেশখালীর শিক্ষার্থীদের কাছে সম্প্রতি রবি-টেন মিনিট স্কুল'র বিভিন্ন ফিচার তুলে ধরেন প্লাটফর্মটির প্রতিষ্ঠাতা ও সিইও আয়মান সাদিক। ওই দিন আইল্যান্ডটিকে দেশের প্রথম ডিজিটাল আইল্যান্ড হিসেবে ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আয়মান মহেশখালী আইল্যান্ড উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের কাছে অনলাইন কুইজ, ফেসবুকের মাধ্যমে লাইভ ক্লাস, স্মার্ট-বুক ও কথোপকথনমূলক ভিডিওসহ টেন মিনিট স্কুল'র বিভিন্ন ফিচার নিয়ে আলোচনা করেন। এসময় আইসিটি ডিভিশনের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং ইন্টারন্যাশনাল অরগানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) ও কোরিয়া টেলিকম'র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পলক রবি-টেন মিনিট স্কুল'র ফেইসবুক পেজে সরাসরি (লাইভ) কথা বলেন। মহেশখালীর জনগণের কাছে ডিজিটাল এডুকেশন প্লাটফর্মটি তুলে ধরার জন্য রবি-টেন মিনিট স্কুলকে অভিনন্দন জানান তিনি। এর আগে গ্রাহকদের জন্য রকেটের সাথে যৌথ উদ্যোগে আইল্যান্ডটিতে এমএফএস'র কার্যক্রম শুরু করে রবি। ৩০ হাজারের বেশি নিয়মিত শিক্ষার্থী এবং ফেইসবুকে ৩ লাখ ৭০ হাজার সাবস্ক্রাইবার নিয়ে রবি-টেন মিনিট স্কুল (www.10minuteschool.com) দেশের বৃহত্তম অনলাইন স্কুল। কর্পোরেট দায়বদ্ধতার আওতায় অনন্য এই অনলাইন এডুকেশন প্লাটফর্মটির পৃষ্ঠপোষক হিসেবে রয়েছে রবি। জুনিয়র সেকেন্ডারি সার্টিফিকেট (জেএসসি), সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট'র (এইচএসসি) শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয় ভর্তিচ্ছু এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সামগ্রিক শিক্ষা সহায়িকা প্রদান করেছে প্লাটফর্মটি। ২০১৬ সালের জুন থেকে প্লাটফর্মটি নিজস্ব ওয়েবসাইটের পরিসর ছাড়িয়ে 'ফেইসবুক লাইভ ফর এভরিওয়ান'র মাধ্যমে সারা দেশের শিক্ষার্থীদের লাইভ কোচিং প্রদান করেছে। উল্লেখ্য, প্রায় ১ লাখ ২৫ হাজার ইউটিউব সাবস্ক্রাইবার তাদের সুবিধামতো সময়ে রবি টেন মিনিট স্কুল'র শিক্ষামূলক ভিডিওগুলো দেখছেন।

● তথ্যপ্রযুক্তি ডেস্ক


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর